



প্রকল্প পরিচালকের কার্যালয়  
মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম  
ইসলামিক ফাউন্ডেশন

(প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

([www.ifmoushik.gov.bd](http://www.ifmoushik.gov.bd))

স্মারক নং- ১৬.০১.০০০০.০২৫.০৭.০১০.১৬/১৬৮ (৩৯)

তারিখঃ ০২/১২/২০১৮


বিষয়ঃ ইসলামিক ফাউন্ডেশনের নিয়ন্ত্রণাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিজয় ফুল(শাপলা ফুল) তৈরী, মুক্তিযুদ্ধের চেতনায় গল্প বলা প্রতিযোগিতা এবং বিজয় ফুল উৎসবের আয়োজন।

- (১) সমন্বয় বিভাগের পত্রের স্মারক নং-১৬.০১.০০০০.০০৫.১২.০০১.০৫.৭৩০৪; তারিখঃ ২৪/১০/২০১৮
- (২) সমন্বয় বিভাগের পত্রের স্মারক নং-১৬.০১.০০০০.০০৫.১২.০০১.০৫.৭৭২৭; তারিখঃ ১১/১১/২০১৮
- (৩) অর্থ বিভাগের স্মারক নং-০৭.১২৩.০২০.০৩.৩৫.০০৯.২০১৩.৩৪১; তারিখঃ ০১/১১/২০১৮

উপর্যুক্ত বিষয়ে ইসলামিক ফাউন্ডেশনের সমন্বয় বিভাগের প্রেরিত পত্রের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, মহান বিজয়ের মাসকে উপলক্ষ্য করে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রতিটি শিক্ষাকেন্দ্র ও দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় সকল শিক্ষার্থীর অংশগ্রহণে বিজয় ফুল তৈরী, মুক্তিযুদ্ধের চেতনায় গল্প বলা প্রতিযোগিতা, পুরস্কার প্রদান, বিজয় ফুল উৎসব এবং শহীদ মুক্তিযোদ্ধাগণের রুহের মাগফিরাত কামনা করে দোয়া করতে হবে। এজন্য দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসা ও শিক্ষা কেন্দ্র প্রতি ৫০০/-টাকা বরাদ্দ প্রদান করা হল। ২০১৮-২০১৯ অর্থবছরের মুদ্রণ ও বাঁধাই খাত হতে এ অর্থ ব্যয় করতে হবে।

২। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা কেন্দ্র ও দারুল আরকাম ইবতেদায়ি মাদ্রাসায় সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করতে হবে।


৩। শিক্ষার্থীদের অভিভাবক এবং কেন্দ্র/মাদ্রাসা এলাকার গণ্য-মান্য ব্যক্তি এবং সম্ভব হলে স্থানীয় কোন বীর মুক্তিযোদ্ধাকে অনুষ্ঠানে অতিথি হিসেবে আমন্ত্রণ করতে হবে। প্রতিটি কেন্দ্র ও দারুল আরকাম মাদ্রাসায় অনুষ্ঠানের একটি 4R ছবি সংশ্লিষ্ট উপজেলার ফিল্ড সুপারভাইজারের মাধ্যমে ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

  
(মোঃ হাবিবুর রহমান)  
প্রকল্প পরিচালক(যুগ্ম সচিব)  
ফোন : ০২-৮১৮১৫৫৪

E-mail : [pdmbcmep@gmail.com](mailto:pdmbcmep@gmail.com)

পরিচালক/উপ-পরিচালক

ইসলামিক ফাউন্ডেশন



অনুলিপিঃ জ্ঞাপনার্থ ও কার্যার্থ-

- ১। পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন
- ২। উপ-পরিচালক(প্রশাসন) (পরিচালক ইফা), মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
- ৩। উপ-পরিচালক(অর্থ ও বাজেট), মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
- ৪। সহকারী পরিচালক(অর্থ ও বাজেট), মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
- ৫। একান্ত সচিব, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, ইসলামিক ফাউন্ডেশন